কলাপাড়ায় প্রতিপক্ষকে ফাঁসাতে গিয়ে ঘরে আগুন দিয়ে নিজেই ফেঁসে গেলেন

written by Chandradip News24 | November 13, 2024

কলাপাড়ায় বিরোধীয় জমি নিয়ে প্রতিপক্ষকে ফাঁসাতে গিয়ে ঘরে আগুন দিয়ে নিজেই বিপদে পড়লেন মো. হেলাল খান ও তার সঙ্গীরা। সোমবার সন্ধ্যায় কলাপাড়ার লালুয়া ইউনিয়নের বানাতিবাজারের পূর্ব পাশে কলাউপাড়ায় এই ঘটনা ঘটে।

জানা গেছে, প্রতিপক্ষ সুজন মৃধার ভাড়া করা বসত ঘরে আগুন লাগানোর চেষ্টা করে অভিযুক্তরা। আগুন লাগানোর সময় স্থানীয়দের তাড়া খেয়ে পালিয়ে যায় তারা। এতে দুটি টিনের ঘর পুড়ে যায় এবং একটি ঘরের টিনের বেড়া রামদা দিয়ে কুপিয়ে ভাঙচুর করা হয়।

ঘটনাটি ঘটেছে এমন সময়, সুজন মৃধার ভাড়াটিয়া লিটন প্যাদা এবং তার পরিবার ঘরটি থেকে বের হয়ে চিৎকার শুরু করলে আশপাশের লোকজন ও স্থানীয় চৌকিদার রাজিব, নুরুজ্জামাল, মেম্বার কাওসার তালুকদার এবং রবিউল হাওলাদার এসে আগুন নিয়ন্ত্রণে আনেন।

এ সময় অভিযুক্তরা পালিয়ে যায়। তবে মো. হেলাল খান তার বিরুদ্ধে

আনীত অভিযোগ অস্বীকার করেছেন এবং দাবি করেছেন, বিরোধীয় জমি তিনি ক্রয় করেছেন। এ ঘটনায় সুজন মৃধা বাদি হয়ে মামলা দায়ের করার প্রস্তুতি নিচ্ছেন।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম